দৈনিক বাংলা

তারিখ ... 01 JUL 1990 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

32

7

# ইসলামী ভার্সিটি স্থানান্তর বিরোধী আন্দোলন ঃ ২২ জন শিক্ষক সাসপেন্ড

।। নিজস্ব সংবাদদাতা ।।

টঙ্গী, ৩০শে জুন।— ইসলামী ভার্সিটি টঙ্গী থেকে কুষ্টিয়ায় স্থানান্তর বিরোধী কার্যকলাপে লিপ্ত থাকার অভিযোগে কুষ্টিয়া ভার্সিটি কর্তৃপক্ষ ১২ জন প্রফেসর ও লেকচারারকে সাময়িকভাবে বরখাস্ত করেছেন।

টঙ্গীতে দৈনিক বাংলাকে সংশ্লিষ্ট শিক্ষকগণ এ তথ্য জানিয়েছেন।

বরখাস্তকৃত শিক্ষকরা হলেন, আবদুর রব, মোশারফ হোসেন, একরামুল হক, আবদুল হান্নান চৌধুরী, আলীনুর রহমান, তাইনুল ইসলাম, নাজমুল কাইয়ুম, সিরাজ-উদ্দিন, জাহেদুল হক মজুমদার, তাহির আহমদ, আবুল কালাম পাটোয়ারী ও আবু বকর রফিক আহমদ।

শিক্ষকগণ জানান, ভার্সিটি কর্তৃপক্ষ ৭ই ফেব্রুয়ারীর মধ্যে তাদের সবাইকে কাজে যোগ দেয়ার নির্দেশ দেন। একজন শিক্ষক বাদে নির্দিষ্ট তারিখে কেউ কাজে যোগ দিতে পারেননি। পরে সবাই কাজে যোগ দিতে আসেন। ১৬ ও ২০শে ফেব্রুয়ারী মাত্র ৮ জন শিক্ষকের যোগদানপত্র রেজিষ্টার গ্রহণ করে বাকীদের যোগদানপত্র ফিরিয়ে দেন। এ ঘটনার পর ৮ জন শিক্ষক পদত্যাগ পত্র পেশ করেন।